

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৯

২৪ নং তাল-একতালা

মনে এক বাঞ্ছা ছিল ঘটলনা আমার।

আমার হৃদি পদ্মে হরিচাঁদে সাজায়ে মিলাব চাঁদের বাজার ॥

১। ভক্তগণ হইয়া তারা, আমার হরিচাঁদকে ঘিরিয়ে সবে
দাঁড়াবে তারা।

ও সেই রূপে দিয়ে নয়ন তারা, আনন্দে রূপ রসে
খেলব সঁতার ॥

২। প্রেম কান্তি শান্তি জননী, আমার হরিচাঁদের বামে এসে
দাঁড়াবেন তিনি।

দেখব চাঁদের সঙ্গে চাঁদবদনী রূপ দেখে যাবে মনের অন্ধকার ॥

৩। আমার মন মঞ্জুরী হয়ে, গেঁথে চাঁদের মালা চাঁদের গলে
দিবে দোলায়ে।

দেবী শান্তিমায়ের আঞ্জা পেয়ে,

প্রেম সেবায় মত্ত রব অনিবার ॥

৪। মনে আমার বড় অভিলাষ *সহস্রা কুঞ্জেতে

সাজাইব মহারাস।

হবে শান্তি হরিরূপে প্রকাশ, ঐরূপে করেন যদি রাসবিহার ॥

৫। প্রেম অনুগা মহানন্দ কয়, সে যে ভক্তের বাধ্য ভবারাধ্য
ভক্তের মন যোগায়।

এবার সাধন গুণে হবে সদয়,

অশ্বিনী সে সাধনা নাই তোমার ॥

২৫ নং তাল-একতালা

কলিতে হরিচাঁদ হ'ল উদয়।

গেল চিত্ত সন্দ, কন্ম বন্ধ, আর কি জীবের আছে ভয় ॥

১। ভক্তগণ তারা হ'য়ে হরিচাঁদকে ঘিরিয়ে

রয়েছে কিবা শোভা তায়।

জীবের চিত্ত চকোর হ'য়ে বিভোর, প্রেমানন্দ সুধা খায় ॥

* ষটচক্র ও সাধন তত্ত্ব পড়ুন।